

আমি থাকব সদাই আনন্দেতে
নিরানন্দে করবে কি
গুরু-পদে মন আছে যার
ও তার পারে যাবার ভাবনা কি ॥

আমি সাধু গুরুর সঙ্গে যাব
চরণ ধুলায় ঘর বানাব
আমি হরিনামের বেড়া দেব
কুবাতাসে করবে কি ॥

প্রহ্লাদ অতি শিশুকালে
ডেকে ছিলেন কৃষ্ণ বলে
তাহার সাক্ষী ধুবধন্য
অগ্নিকুণ্ডে দেয় ফাঁকি ॥

গৌসাই বলেন দেবেন্দ্রেরে
নামল রে জীব অগাধ জলে
জীব আপন হাতে বিষ খাইলে
বল আমরা করব কি ॥

কথা: দেবেন্দ্র গৌসাই